DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 05:50 PM

সারাদেশ

কলাপাড়ায় মাধ্যমিক বিদ্যালয়ে অসুস্থ হয়ে হাসপাতালে অসংখ্য শিক্ষার্থী

প্রতিবেদক: Bangladesh
প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৫২ PM



পটুয়াখালীর কলাপাড়ায় এম ইউ মাধ্যমিক বিদ্যালয়ের এক শিক্ষকসহ অন্তত ২৫ জন শিক্ষার্থী রহস্যজনকভাবে অসুস্থ হয়ে পড়েছে। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার চম্পাপুর ইউনিয়নের ওই বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

বিদ্যালয় সূত্রে জানা যায়, টিফিনের ছুটির সময় প্রথমে দুই-তিনজন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে। এরপর একে একে অন্য শিক্ষার্থীরাও অসুস্থ হয়ে পড়তে থাকে। এ সময় তাদের মধ্যে শ্বাসকষ্ট, হাত-পায়ে ব্যথা, মাথা ঘোরানোসহ বিভিন্ন উপসর্গ দেখা দেয়। এসময়ে কয়েকজন শিক্ষার্থী অজ্ঞানও হয়ে পড়েন। অসুস্থ শিক্ষার্থীরা বিদ্যালয়ের অষ্টম থেকে দশম শ্রেণির শিক্ষার্থী। খবর পেয়ে অভিভাবকরা বিদ্যালয়ে এসে সন্তানদের নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েন। পরে অসুস্থদের তাৎক্ষণিকভাবে কলাপাড়া ও আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

কলাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিতে আসা শিক্ষার্থীরা হলেন, আশা মনি, আয়েশা, শিরিনা, রাহিমা, রিমা, মোরশেদা, নিপা, স্বর্ণা, তামান্না, মীম, সানজিদা, চাদনী, স্বর্ণা, আখি মনি, মীম, মেখলা, জান্নাতি, মারজিয়া, মিতু, তমা, রাফিয়া ও আদুরী। এছাড়া মো: ইকবাল

হোসেন নামে এক শিক্ষকও অসুস্থ হয়ে চিকিৎসা নিচ্ছেন।

কলাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. মো: আব্দুল মালেক বলেন, শিক্ষার্থীদের আকস্মিক অসুস্থ হয়ে পড়ার পেছনে মানসিক চাপ বা আতঙ্কের বিষয়টি থাকতে পারে। প্রাথমিকভাবে তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে। এ ঘটনায় বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। তবে অসুস্থ হওয়ার প্রকৃত কারণ নিশ্চিত হতে প্রয়োজনীয় পর্যবেক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।

এ বিভাগের আরও খবর



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস
ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/klapadaj-madhjmik-bidjalje-osusth-hje-haspatale-osngkhj-shiksharthi